# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ ও নামায পড়ার জায়গা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## সুতরাহ্‌ কতদূরে রাখতে হবে?

মহানবী (ﷺ) বলেন, “তোমাদের মধ্যে কেউ যখন নামায পড়বে, তখন সে যেন সামনে সুতরাহ্‌ রেখে নামায পড়ে এবং তার নিকটবর্তী হয়। যাতে শয়তান যেন তার নামাযকে নষ্ট করে না দিতে পারে।” (আহমাদ, মুসনাদ, আবূদাঊদ, সুনান, নাসাঈ, সুনান, ইবনে হিব্বান, সহীহ,হাকেম, মুস্তাদরাক, জামে ৬৫০নং)

একদা তিনি কা’বা শরীফের ভিতরে নামায পড়লে তাঁর ও দেওয়ালের মাঝে ৩ হাত ব্যবধান ছিল। (বুখারী ৫০৬, আহমাদ, মুসনাদ, নাসাঈ, সুনান) তাঁর মুসাল্লা (সিজদার জায়গা) ও দেওয়ালের মাঝে একটি ছাগল (অথবা ভেঁড়া) পার হয়ে যাওয়ার মত (প্রায় আধহাত) ফাঁক বা দূরত্ব থাকত। (বুখারী ৪৯৬নং, মুসলিম, সহীহ)

প্রকাশ থাকে যে, সুতরার একেবারে সোজাসুজি না দাঁড়িয়ে তার একটু ডানে বা বামে সরে দাঁড়ানোর হাদীস শুদ্ধ নয়। (যইফ আবূদাঊদ, সুনান ১৩৬নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন